

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.৯৯.০০১.২২.২৩৮

তারিখ: ১৬ মাঘ ১৪২৮

৩০ জানুয়ারি ২০২২

বিষয়: মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে “৫০টি জাতীয় পতাকা নিয়ে সুবর্ণজয়ন্তী র্যালি” কর্মসূচী বাস্তবায়ন।

বাঙ্গালী জাতির সর্বশ্রেষ্ঠ অর্জন মহান স্বাধীনতা। এ জাতির জাতিসত্তা রক্ষা, আর্থ-সামাজিক সাংস্কৃতিক ও রাজনৈতিক অস্তিত্ব পুনরুদ্ধারে এ দেশের আপামর জনসাধারণ ১৯৭১ সালের অগ্নিবরা মার্চে মহান মুক্তিযুদ্ধ শুরু করে। ত্রিশ লক্ষ শহীদ, দুই লক্ষ নারীর সম্মুখ এবং অগনিত মানুষের চরম আত্মত্যাগের মাধ্যমে অর্জিত হয় আমাদের স্বাধীনতা। স্বাধীনতার ৫০ বছর পূর্তিতে জাতীয়ভাবে সাড়ম্বরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন করা হচ্ছে।

২। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত এ বিষয়ে গঠিত মন্ত্রিসভা কমিটি কর্তৃক গৃহিত ৫০টি কর্মসূচী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সানুগ্রহ অনুমোদিত হয়েছে। ৫০টি কর্মসূচীর মধ্যে ১ নং কর্মসূচি নিম্নরূপঃ

অনুমোদিত কর্মসূচির ক্রমিক নং	কর্মসূচির বিবরণ
১.	৫০ টি জাতীয় পতাকা সম্বলিত সুবর্ণজয়ন্তী র্যালি প্রতিটি জেলায় প্রদক্ষিণ শুরু। পতাকা প্রদক্ষিণ উপলক্ষ্যে জেলায় মুক্তিযোদ্ধা সমাবেশ ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে। ৬৪ জেলা প্রদক্ষিণ শেষে ১৬ ডিসেম্বর সুবর্ণজয়ন্তী র্যালির ঢাকা প্রত্যাবর্তন।

৩। উপরোক্ত কর্মসূচী বাস্তবায়নে নিম্নে বর্ণিত নির্দেশনা প্রতিপালন করতে হবেঃ

ক. আগামী ১৭-২৩ মার্চ, ২০২২ সময়কালে জেলা ও উপজেলা পর্যায়ে “মুক্তির উৎসব ও সুবর্ণজয়ন্তী মেলা” চলাকালীন ৫০টি জাতীয় পতাকা নিয়ে সুবর্ণজয়ন্তী র্যালি অনুষ্ঠিত হবে।

খ. প্রত্যেক জেলায় ৫০টি জাতীয় পতাকা বহনকারী প্রয়োজনীয় সংখ্যক ট্রাক নিয়ে সুবর্ণজয়ন্তী র্যালি বাস্তবায়ন করতে হবে।

গ. বীর মুক্তিযোদ্ধাগণ সুবর্ণজয়ন্তী র্যালির নেতৃত্ব প্রদান করবেন। প্রতিটি জেলা সদর থেকে র্যালিটি অনুষ্ঠানের মাধ্যমে যাত্রা শুরু করবে এবং জেলার অন্তর্গত প্রতিটি উপজেলা পর্যায়ক্রমে প্রদক্ষিণ করে র্যালিটি জেলা সদরে এসে সমাপ্ত হবে।

ঘ. সংশ্লিষ্ট জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সভাপতি ও জেলা প্রশাসক র্যালির প্রদক্ষিণ পথ ও অবস্থান পূর্ব থেকেই নির্ধারণ করে দিবেন।


ঙ. র্যালি পরিক্রমের পথে জন গুরুত্বপূর্ণ স্থানে উপজেলা সদরে স্থানীয় বীর মুক্তিযোদ্ধাসহ সকল শ্রেণীর জনসাধারণ কে সম্পৃক্ত করে মুক্তিযুদ্ধের স্মৃতিচারণ ও আলোচনা সভা অনুষ্ঠিত হতে পারে।

চ. ৫০টি জাতীয় পতাকার পাশাপাশি র্যালিতে সম্পৃক্ত প্রয়োজনীয় সংখ্যক ট্রাক বা ট্রাকসমূহ প্রদত্ত নমুনা (সংযুক্ত) মোতাবেক ব্যানার, ফেস্টুন সহকারে সাজাতে হবে এবং এসব ট্রাককে প্রয়োজনে অনুষ্ঠানের মঞ্চ হিসাবে ব্যবহার করা যেতে পারে।

ছ. কোভিড-১৯ সম্পর্কিত সর্বশেষ সরকারী নির্দেশনা ও যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

জ. বর্ণিত কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রত্যেক জেলায় আলাদাভাবে বরাদ্দ প্রদান করা হবে।

ঝ. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।



৩০-১-২০২২

রঞ্জিত কুমার দাস

অতিরিক্ত সচিব

জেলা প্রশাসক (সকল)

স্মারক নম্বর: ৪৮.০০.০০০০.০০১.৯৯.০০১.২২.২৩৮/১(১৫)

তারিখ: ১৬ মাঘ ১৪২৮

৩০ জানুয়ারি ২০২২

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব, বাগিচা মন্ত্রণালয় ও সদস্য-সচিব, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি
- ২) অতিরিক্ত সচিব, অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৩) বিভাগীয় কমিশনার (সকল)
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) একান্ত সচিব, মুখ্য সচিবের দপ্তর, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৬) উপসচিব, উপ-সচিব (প্রশাসন-১), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৭) মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), মাননীয় মন্ত্রীর দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
- ৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়



৩০-১-২০২২

মোঃ সাহাদৎ হোসেন

উপসচিব